"সবাই মিলে দেব কর, দেশ হবে স্বনির্ভর"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪,রোড # ১, ব্লক # এ, মিরপুর-১১, ঢাকা-১২১৬।
website : www.vatdhakawest.gov.bd

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৫.০৬.০০৭.১২(অংশ-১)- তারিখ ঃ

# মাইক্রোবাস ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর অধিক্ষেত্রভুক্ত এলাকায় চোরাচালান ও রাজস্ব ফাঁকি নিরোধসহ দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম এর মাধ্যমে রাজস্ব লক্ষ্যমাত্রা আদায়ের লক্ষ্যে এ দপ্তর হতে কার্যাদেশ জারির পর গাড়ী সরবরাহের দিন হতে ০৩(তিন) মাসের জন্য ন্যূনতম ০৮(আট) আসন বিশিষ্ট ০২(দুই)টি মাইক্রোবাস ভাড়ায় সরবরাহের জন্য প্রকৃত মালিক/প্রতিষ্ঠান এর নিকট থেকে নিজস্ব লেটারহেড প্যাডে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ০২. | সংস্থা | ঃ | জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ০৩. | সংগ্রাহক সত্তার নাম | ঃ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা। |
| ০৪. | কাজের নাম | ঃ | ন্যূনতম ০৮ (আট) আসন বিশিষ্ট ০২(দুই)টি মাইক্রোবাস (চালকসহ) ভাড়া। |
| ০৫. | দরপত্র পদ্ধতি | ঃ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি। |
| ০৬. | ব্যয়ের উৎস | ঃ | সরকারি অনুমোদিত বাজেট। |
| ০৭. | দরদাতাদের যোগ্যতা | ঃ | নিজের বা প্রতিষ্ঠানের নামে গাড়ীর মালিকানা সম্পর্কিত কাগজপত্র অবশ্যই থাকতে হবে (হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, আয়কর সংক্রান্ত সনদ (টি,আই,এন), ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, সরবরাহতব্য গাড়ীর ব্লু-বুক, ট্যাক্স টোকেন, ফিটনেস, ইন্সুরেন্স সহ অন্যান্য কাগজপত্র বা দলিলাদির সত্যায়িত ফটোকপি)। |
| ০৮. | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ, সময় ও স্থান | ঃ | ১৬.০৮.২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকা পর্যন্ত কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা (প্লট # ২ ও ৪,রোড # ১, ব্লক # এ, মিরপুর-১১, ঢাকা-১২১৬)। |
| ০৯ | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ঃ | ১৬.০৮.২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা (প্লট # ২ ও ৪,রোড # ১, ব্লক # এ, মিরপুর-১১, ঢাকা-১২১৬)। |

## দরপত্রের শর্তাবলী

১. দরপত্রে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অতিরিক্ত কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর বরাবরে সীলমোহরকৃত খামে তাদের নিজস্ব প্যাডে আবেদন করতে হবে।
২. কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর অনুকূলে যেকোন তফসীলভুক্ত ব্যাংক থেকে দরপত্রে বর্ণিত প্রস্তাবিত মূল্যের ৩% হারে আর্নেস্ট মানি জামানত হিসেবে (ফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সংগে জমা দিতে হবে।
৩. সীলমোহরকৃত খামের উপর দরদাতার নাম ও ঠিকানা, টেলিফোন নম্বরসহ উল্লেখ করতে হবে।
৪. মাইক্রোবাস ভাড়া প্রদানের প্রক্রিয়ায় গ্যাস/জ্বালানী, ড্রাইভারের বেতন-ভাতাসহ যাবতীয় ব্যয়ভার মাইক্রোবাস ভাড়া প্রদানকারী/গাড়ির মালিক বহন করবেন।
৫. অনুমোদিত মাইক্রোবাস ভাড়ার মাসিক বিল হতে সরকারি বিধি মোতাবেক ভ্যাট, অগ্রীম আয়কর ও প্রযোজ্য অন্যান্য করাদি কর্তন করা হবে।
৬. সরবরাহকৃত মাইক্রোবাসের বা অন্যবিধ যে কোন কারণে কোন সমস্যা হলে বিকল্প ব্যবস্থা ভাড়াদাতাকে রাখতে হবে। অন্যথায় মাসিক গড় ভাড়া হিসাবে ভাড়া কর্তন করা হবে।
৭. মাইক্রোবাসের মালিকানা, চালকের ড্রাইভিং লাইসেন্স ও কোন প্রকার দুর্ঘটনা সংক্রান্ত যেকোন প্রকার আইনগত জটিলতার দায়ভার মাইক্রোবাস ভাড়া প্রদানকারী প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।
৮. সরবরাহকৃত মাইক্রোবাস ভাড়াকৃত সময়ের মধ্যে কোন কারণে ভাড়ায় ব্যবহারে অপারগতা প্রকাশ করলে কমপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে ভাড়া গ্রহণকারী কর্তৃপক্ষকে জানাতে হবে।
০৯. দায়িত্ব পালনকালীন সময়ে মাইক্রোবাস ও ড্রাইভারের বৈধ কাগজপত্র সংগে থাকতে হবে।
১০. দরপত্র সম্পর্কিত সকল কার্যাদি The Public Procurement Rules-2008 and The Public Procurement Act-2006 অনুযায়ী পরিচালিত হবে।
১১. সরবরাহকৃত মাইক্রোবাসের মাসিক বিল ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য এ দপ্তরের অনুকূলে "৪৮৪৬-পরিবহন ব্যয়" খাতে বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ করা হবে।
১২. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা সংরক্ষণ করেন।
১৩. মাইক্রোবাস ভাড়ার ক্ষেত্রে পরবর্তীতে পরিবহন ব্যয় খাতে অতিরিক্ত আরও বরাদ্দ পাওয়া গেলে এবং সময় বৃদ্ধি করার প্রয়োজন হলে সমপরিমান মাসিক ভাড়ায় নতুন করে দরপত্র আহবান ব্যতীত উপরোক্ত একই শর্তাবলীর অধীনে গাড়ী সরবরাহ দিতে হবে। তবে সমশর্ত এবং ভাড়ায় গাড়ি সরবরাহ করতে অসম্মতি জ্ঞাপন করলে নতুন দরপত্র আহবান করে তা সরবরাহ নেয়া হবে।

(শেখ আবু ফয়সল মোঃ মুরাদ)
অতিরিক্ত কমিশনার (চঃ দাঃ)
ও
আহবায়ক, দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি।

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৫.০৬.০০৭.১২(অংশ-১)- ১০৮৫৭ (১-১০) তারিখ ঃ ২।৮।১৭

অনুলিপি বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরে জন্য) ঃ

০১। অতিরিক্ত কমিশনার (চঃ দাঃ), সদর দপ্তর, ঢাকা (পশ্চিম) কমিশনারেট, ঢাকা ও সভাপতি, দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি।
০২। উপ-কমিশনার, সদর দপ্তর, ঢাকা (পশ্চিম) কমিশনারেট, ঢাকা ও আহবায়ক, দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি/সদস্য সচিব, দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি।
০৩। রাজস্ব কর্মকর্তা, সদর দপ্তর, ঢাকা (পশ্চিম) কমিশনারেট, ঢাকা এবং সদস্য, দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি।
০৪। জনাব এস.এম.মাহবুব আলম, গবেষণা কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এবং সদস্য, দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি।
০৫। জনাব মোঃ ওয়াহিদুজ্জামান খন্দকার, সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা-১২১৫ এবং সদস্য, দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি।
০৬। সহকারী রাজস্ব কর্মকর্তা, সদর দপ্তর, ঢাকা (পশ্চিম) কমিশনারেট, ঢাকা এবং সদস্য সচিব, দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি/সদস্য, দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি।
০৭। সহকারী রাজস্ব কর্মকর্তা (টি.ও) সদর দপ্তর, ঢাকা (পশ্চিম) কমিশনারেট, ঢাকা এবং সদস্য, দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি/সদস্য, দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
০২। পি এ টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে আপলোড করার জন্য)।

দরপত্র বিজ্ঞপ্তির অনুলিপি বিতরণ ও নোটিশ বোর্ডে প্রদর্শনের নিমিত্তে প্রেরণ করা হলো ঃ

০১. নোটিশ বোর্ড, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

০২/০৮/১৭
(হাসনাইন মাহমুদ)
উপ-কমিশনার
কমিশনারের পক্ষে।